“মিসওয়াক মুখের পবিত্রতা অর্জনের উপকরণ ও আল্লাহর সন্তোষ লাভের উপায়।”

‘আয়িশা রাদিয়াল্লাহু ‘আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু
‘আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “মিসওয়াক মুখের পবিত্রতা অর্জনের উপকরণ ও আল্লাহর
সন্তোষ লাভের উপায়।”
[সহীহ]

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম এ হাদীসে বর্ণনা করেছেন যে, আরাক গাছ বা অনুরূপ কোন গাছের ডাল দিয়ে দাত মাজন মুখের ময়লা আবর্জনা ও দুর্গন্ধ থেকে মুখকে পবিত্র করে। আর মিসওয়াক করা বান্দার প্রতি আল্লাহর সন্তুষ্টির অন্যতম উপায়; কেননা এতে রয়েছে আল্লাহর আনুগত্য ও তাঁর নির্দেশের মান্যতা। এছাড়াও মিসওয়াকে রয়েছে পরিস্কার পরিচ্ছন্নতা, যা আল্লাহ তা‘আলা পছন্দ করেন।

https://sunnah.global/hadeeth/bn/show/3588